

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিভাগীয় কর্মকর্তার দপ্তর
আগ্রাবাদ, চট্টগ্রাম
dot.chittagongdiv.gov.bd



স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০১০.৯৯.৪২১.২০.১৯১

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮

১৪ নভেম্বর ২০২১

বিষয়: শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ২য় এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির আইআরসি জারির সুপারিশ।
মেসার্স টপ মুন ফ্যাশন লিঃ, অফিস ও কারখানাঃ নবী টাওয়ার, ২২৭/২৬৮, নাজমা আহমেদ বাই লেইন, দিঘীর পাড়, দেওয়ানহাট, ডবলমুরিং, চট্টগ্রাম ১০০% রপ্তানীমুখীতৈরী পোষাক (নীট ও ওভেন) শিল্প প্রতিষ্ঠান যার নিবন্ধন নং- সিটিজি/আরএমজি/০০০০৮০-২০, উক্ত প্রতিষ্ঠানটির অনুকূলে কাঁচামাল আমদানির লক্ষ্যে শিল্প ভোক্তা হিসেবে এড-হক ভিত্তিতে আইআরসি জারির জন্য অত্র অধিদপ্তরের স্মারক নং-২৪.০২.২০০০.০০০.৯৯.৪২১.২০.৮৬, তারিখঃ ০৩/০৩/২০২০ খ্রিঃ মোতাবেক এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির সুপারিশ করা হয়। যার ভিত্তিতে শিল্প কারখানাটির অনুকূলে শিল্প ভোক্তা হিসেবে ৬ষ্ঠ শ্রেণীর এড-হক আইআরসি নং-২৬০৩১৫১২০০৯৯৫২০ জারি করা হয় (কপি সংযুক্ত)। উক্ত এড-হক আইআরসি'র বিপরীতে কাঁচামাল আমদানি করলেও (সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়ন পত্রের কপি সংযুক্ত) তা উৎপাদন কাজে ব্যবহার করে রপ্তানি করতে পারেনি (পিআরসির কপি দাখিল করেননি) বিধায় শিল্প প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ২য় এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন করলে আবেদনটি এ কার্যালয় থেকে পরীক্ষা নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে ২য় এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য আইআরসি জারির সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

কাঁচামালের বিবরণ	এইচ, এস, কোড নং	কাঁচামালের যান্মাষিক আমদানি স্বত্ব
তালিকা সংযুক্ত	তালিকা সংযুক্ত	আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতীকে

উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বিদ্যমান আমদানি নীতি ২০১৫-১৮ আদেশ অনুযায়ী এবং অন্যান্য সরকারী নিয়ম নীতি প্রতিপালন স্বাপেক্ষে উক্ত শিল্প কারখানার অনুকূলে (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্যের ক্ষেত্রে শর্ত পালন স্বাপেক্ষে) শিল্প ভোক্তা হিসেবে ২য় এড-হকভিত্তিতে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের সুপারিশ করা যেতে পারে হলে।

এমতাবস্থায়, বিদ্যমান আমদানি নীতি ২০১৫-১৮ আদেশ অনুযায়ী এবং অন্যান্য সরকারী নিয়ম নীতি প্রতিপালন স্বাপেক্ষে উক্ত শিল্প কারখানার অনুকূলে (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্যের ক্ষেত্রে শর্ত পালন স্বাপেক্ষে) শিল্প ভোক্তা হিসেবে ২য় এড-হকভিত্তিতে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের সুপারিশ করা হলে।

সংযুক্তঃ (১) আইআরসি'র কপি, ১ম এড-হক এর সুপারিশ, এন্টাইটেলমেন্ট পেপার ও সকল ডকুমেন্টের এর কপি।

(২) মেমোরেন্ডাম, ইনকর্পোরেশন, ট্রেড লাইসেন্স, সমিতির সদস্য পদের প্রত্যয়ন, ব্যাংক সলভেন্সী ও টিন সনদপত্র এর কপি।

১৪-১১-২০২১

এ.বি.এম. সাইফুর রহমান

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, আগ্রাবাদ,
চট্টগ্রাম


স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০১০.৯৯.৪২১.২০.১৯১/১(২)

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮
১৪ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পরিচালক (বস্ত্র) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর।

২) ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স টপ মুন ফ্যাশন লিঃ, অফিস ও কারখানাঃ নবী টাওয়ার, ২২৭/২৬৮, নাজমা
আহমেদ বাই লেইন, দিঘীর পাড়, দেওয়ানহাট, ডবলমুরিং, চট্টগ্রাম।



১৪-১১-২০২১

মোঃ আলী আহাব রাখা

সহকারী পরিচালক (কারিগরি)